

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা, তারিখ: ২০ মার্চ, ২০১৬

প্রতি : নোটিস বোর্ডের মাধ্যমে সকল সহকর্মীবৃন্দ

হতে: পরিচালক

বিষয়: ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস পালন সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যবস্থাপনার সিদ্ধান্ত মোতাবেক সংস্থার সকল প্রকল্প অফিস এবং দুটি ট্রেনিং সেন্টারে স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনাসমূহ পালন করার জন্য জানানো হলো:

১. রাষ্ট্র পরিচালনার চারটি মূলনীতি যেমন, জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র এবং ধর্মনিরপেক্ষতা এই বিষয়সমূহের ওপর ২ ঘন্টা আলোচনা অনুষ্ঠান আয়োজন করতে হবে উক্ত দিনে;
২. প্রতিটি প্রকল্প অফিসে এবং দুটি ট্রেনিং সেন্টারে এই বিষয়ে আলোচনা আয়োজন করা এবং প্রত্যেককে আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ বাধ্যতামূলক;
৩. শাখা অফিসসমূহও চাইলে একই আয়োজন করতে পারে তবে তা বাধ্যতামূলক নয়;
৪. প্রধান কার্যালয় থেকে আলোচ্য বিষয়ের ওপর রচনা ২৪ মার্চ ২০১৬ তারিখের মধ্যে পাঠানো হবে;
৫. প্রতিটি অনুষ্ঠান শেষে ছবিসহ প্রতিবেদন ২৭ মার্চের মধ্যে ই-মেইলের মাধ্যমে [rumeer.coast@gmail.com](mailto:rumeer.coast@gmail.com) ঠিকানায় পাঠাতে হবে।

এই সার্কুলারটি দিবস পালনের পূর্বে কার্যকর হবে এবং সার্কুলারের বিষয়ে কোন অস্পষ্টতা বা দ্বিমত থাকলে আগামী ২৪ মার্চের ২০১৬ তারিখের মধ্যে নিম্নোক্ত স্বাক্ষরকারী বরাবর যোগাযোগ করার জন্য বলা হলো।

আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

20.03.2016

অনুলিপি: নির্বাহী পরিচালক  
উপ পরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ  
অফিস ফাইল